গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www. pmeat.gov.bd

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০(খন্ড-১)/০৫/১(৫২৯) তারিখ: ১১.০১.২০২৪ খ্রি.

**বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী/অভিভাবকের একাউন্ট নম্বরসহ অন্যান্য তথ্যাদি HSP-MIS সফটওয়্যারে যাচাই ও লককৃত (Lock) একাউন্ট নম্বরসহ অন্যান্য তথ্যাদি সংশোধন সংক্রান্ত।**

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় HSP-MIS সফটওয়্যারে এন্ট্রিকৃত শিক্ষার্থীদের মধ্যে নির্বাচিত হিসাবে উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে জুলাই-ডিসেম্বর/২০২৩ কিস্তির উপবৃত্তি, টিউশন ফি ও অন্যান্য আর্থিক সহায়তার অর্থ বিতরণ করা হবে। উপবৃত্তি বিতরণ কার্যক্রম সাবলীল ও সুষ্ঠু করার লক্ষ্যে উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী/অভিভাবকের একাউন্ট নম্বরসহ অন্যান্য তথ্যাদি HSP-MIS সফটওয়্যারে যাচাই-বাছাই করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো।

২। HSP-MIS সফটওয়্যারে উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্যাদি যাচাই-বাছাই করার সময় শিক্ষার্থীর তথ্যে কোন অসঙ্গতি বা ভুল পরিলক্ষিত হলে উক্ত শিক্ষার্থীর বিদ্যমান তথ্য সংশোধনের জন্য আগামী ২৫.০১.২০২৪ খ্রি. তারিখের মধ্যে নিম্নলিখিত ছক মোতাবেক তথ্য এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক আবেদন অবশ্যই উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার (সুপারিশসহ) মাধ্যমে mis.hsp@pmeat. gov.bd ইমেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। **নির্ধারিত তারিখ/সময়ের পর প্রেরিতব্য আবেদন গ্রহণ করার কোন সুযোগ থাকবে না।**

**'তথ্য ছক'**

| ক্র. নং | HSP-MIS সফটওয়্যারের তথ্য অনুযায়ী | | | | | পরিবর্তনীয় হিসাব নম্বর ও নম্বর সংশ্লিস্ট তথ্যাদি |
|---|---|---|---|---|---|---|
| | শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নম্বর (১৭ সংখ্যা)/ ইউআইডি নম্বর | শিক্ষার্থীর নাম | শ্রেণি | অভিভাবকের নাম ও জাতীয় পরিচয়পত্র নম্বর (১০ অথবা ১৭ সংখ্যা) | বিদ্যমান হিসাব নম্বর ও নম্বর সংশ্লিস্ট তথ্যাদি | |
| ০১ | | | | | | |
| ০২ | | | | | | |
| ০৩ | | | | | | |

৩। **সঠিক তথ্যাদি প্রেরণ করার ক্ষেত্রে প্রয়োজনীয় নির্দেশনা:**

(১) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শিক্ষার্থীর জন্ম সনদ এবং অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি স্ক্যান করে পাঠাতে হবে। শিক্ষার্থীর জন্ম সনদ নম্বর এবং অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি ছাড়া কোন একাউন্ট সংশোধন করা সম্ভব হবে না;

(২) একই একাউন্ট/হিসাব নম্বর একাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে ব্যবহার করা যাবে না;

(৩) বিদ্যমান হিসাব নম্বর সংশোধন করার ক্ষেত্রে (ক) মোবাইল ব্যাংকি একাউন্ট নম্বর হলে: সঠিক একাউন্ট নম্বর, মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস প্রোভাইডারের নাম এবং হিসাবধারীর নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর ও জন্ম তারিখসহ তথ্য প্রদান করতে হবে। (খ) অনলাইন ব্যাংক একাউন্ট নম্বর হলে: সঠিক একাউন্ট নম্বর, ব্যাংকের নাম, শাখা এবং হিসাবধারীর নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর ও জন্ম তারিখসহ তথ্য প্রদান করতে হবে;

(৪) স্কুল ব্যাংকি/এজেন্ট ব্যাংকিং এর একাউন্ট নম্বর ব্যবহার করার ক্ষেত্রে যার নামে একাউন্ট নম্বর খোলা হয়েছে হিসাবধারীর নাম হিসাবে তার নাম, সংশ্লিষ্ট ব্যাংকের নাম, এজেন্ট শাখা প্রদান করতে হবে;

(৫) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সুপারিশ ছাড়া কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

৪। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক HSP-MIS সফটওয়্যারে উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্যাদি যাচাই করার বিষয়টি নিশ্চিতকরণে নিবিড়ভাবে মনিটরিং করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে কোন শিক্ষার্থীর ভুল তথ্য সংশোধন করার আবেদন প্রেরণে ব্যর্থ হলে অথবা ভুল তথ্যের জন্য কোন তালিকাভুক্ত শিক্ষার্থী উপবৃত্তির অর্থ না পেলে সৃষ্ট যে কোন সমস্যার জন্য কমিটিসহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৫। শিক্ষা প্রতিষ্ঠান অথবা উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক ব্যবহৃত HSP-MIS এর জন্য প্রাতিষ্ঠানিক আইডি পাসওয়ার্ড দিয়ে লগইন করতে ব্যর্থ হলে "পাসওয়ার্ড ভুলে গেছেন" লিখিত অংশে ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান অথবা উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মোবাইল নম্বরে (যা HSP-MIS সফটওয়্যারে ব্যবহার করা হয়েছে) OTP প্রেরণের মাধ্যমে পাসওয়ার্ড পুনঃস্থাপন করতে হবে। এ ক্ষেত্রে অবশ্যই শিক্ষা প্রতিষ্ঠান অথবা উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক HSP-MIS সফটওয়্যারে প্রদত্ত ইউজার প্রোফাইলে নাম ও মোবাইল নম্বরসহ যাবতীয় তথ্যাদি হালনাগাদ থাকতে হবে।

৬। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান উপরোল্লিখিত প্রক্রিয়ায় পাসওয়ার্ড পুনঃস্থাপনে ব্যর্থ হলে শিক্ষা প্রতিষ্ঠানের প্যাডে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক লিখিত আবেদন উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে প্রেরণপূর্বক পাসওয়ার্ড সংগ্রহ করা যাবে।

২২/০১/২৪

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা।

**<u>সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):</u>**

০১। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৫। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS & iBASS++ স্কিম, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
০৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। সকল কর্মকর্তা/কর্মচারী, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক পত্রের মর্মানুযায়ী কার্যক্রম নিবিড় পরিবীক্ষণের অনুরোধসহ)।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
০৯। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
১০। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান।
১১। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পিএমইএটি-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।